

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়  
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
 ( শুল্ক ও মূল্য সংযোজন কর )

প্রজ্ঞাপন

তারিখ : ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৬ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৭৬-আইন/২০০৮/২২০৪/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 20 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, অত্র বিভাগের ১৪-১২-১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ২৮-০৩-২০০৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৭৪-আইন/২০০৫/২০৬৭/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ‘খ’ অংশে উল্লিখিত শর্তাবলীর শর্ত (ক) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(ক) আমদানিকৃত বৈদ্যুতিক যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও পণ্য Power Development Project (PSDP) বাস্তবায়নে ব্যবহৃত হইবে মর্মে বিদ্যুৎ বিভাগের অন্যান্য যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা “পরিশিষ্ট-১” মোতাবেক চালানওয়ারী প্রত্যয়নপত্র ইস্যু করিয়া উহার একটি অনুলিপি সরাসরি সংশিষ্ট কাস্টম হাউস/কাস্টম স্টেশনে প্রেরণ করিবেন এবং উক্ত ইস্যুকৃত প্রত্যয়নপত্রটি আমদানিকৃত উক্ত পণ্যচালান খালাসের সময় আমদানিকারক বা তাহার প্রতিনিধি কর্তৃক সংশিষ্ট কাস্টম হাউস/কাস্টম স্টেশনে দাখিল করিতে হইবে; এবং”।

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

( মোহাম্মদ আবদুল মজিদ )

সচিব।